



মির্জাপুর (টাঙ্গাইল) : উপজেলার উত্তর কদমা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিতরা ক্লাসে শিক্ষক ছাড়াই লেখাপড়া করছে

—ইত্তেফাক

কদমা বিদ্যালয়ে একজন শিক্ষক দিয়ে ২৫৫ জনের পাঠদান

■ মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

মির্জাপুর উপজেলার তরফপুর ইউনিয়নের ১২৩নং উত্তর কদমা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাত্র একজন শিক্ষক দিয়ে চলছে ২৫৫ জন ছাত্রের পাঠদান। বিদ্যালয়ের ভবনটি এতটাই ভাঙ্গাচোরা ও ঝুঁকিপূর্ণ যে, ভবনটি যে কোনো সময় ভেঙে ঘটতে পারে বড় ধরনের দুর্ঘটনা।

বিদ্যালয়ে রয়েছেন এখন একজন সহকারী শিক্ষক সাদিয়া বেগম। তিনিই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছেন আবার তিনি একাই পাঠদান চালিয়ে যাচ্ছেন ২৫৫ জন শিশু-কিশোরের।

সাদিয়া বেগম জানান, বিদ্যালয়ের শিক্ষক পদ ছিল ৫

জনের। এদের মধ্যে একজন অবসরে গেছেন, একজন মারা গেছেন এবং দুজন চলে গেছেন। এখন তিনি একা। শিক্ষক স্বল্পতার কারণে শিশুদের পাঠদানে খুবই সমস্যা হচ্ছে বলে তিনি অভিযোগ করেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. খলিলুর রহমান বলেন, ওই বিদ্যালয়ের শিক্ষক স্বল্পতাসহ বিভিন্ন সমস্যার কথা তিনি ও শিক্ষা অধিদপ্তর অবহিত আছেন। বিদ্যালয়ের সমস্যা দূর ও শিক্ষক নিয়োগ চেয়ে জেলা শিক্ষা অফিস এবং প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। কিছুদিনের মধ্যে বিদ্যালয়ের সমস্যা সমাধান হবে বলে তিনি দাবি করেন।